

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৮৭

আগরতলা, ২৯ জুন, ২০২৪

আগরতলা সরকারি মেডিকেল কলেজ

**এমবিবিএস আন্ডার গ্রাজুয়েট কোর্সে ৫০টি আসন সংখ্যা বৃদ্ধি**

রাজ্যের চিকিৎসা শিক্ষা প্রসারে রাজ্য সরকারের নিরন্তর প্রয়াসের সঙ্গে সাযুজ্য রেখে ন্যাশনাল মেডিকেল কাউন্সিল (এনএমসি) আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজে এমবিবিএস আন্ডার গ্রাজুয়েট কোর্সের আসন সংখ্যা ৫০টি বৃদ্ধি করেছে। এতে আসন সংখ্যা ১০০ থেকে বৃদ্ধি পেয়ে ১৫০ হয়েছে। বর্তমান শিক্ষাবর্ষ থেকে এটি কার্যকর হবে। এই আসন সংখ্যা বৃদ্ধি আমাদের রাজ্যের ক্ষেত্রে উল্লেখযোগ্য ঘটনা। এর ফলে রাজ্যের ছাত্রছাত্রীদের চিকিৎসক হওয়ার স্বপ্ন পূরণ যেমন ঘটবে, তেমনি রাজ্যের চিকিৎসকের সংকট দূর করার ক্ষেত্রে রাজ্য সরকারের উদ্যোগের ক্ষেত্রেও সহায়ক ভূমিকা নেবে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা'র নির্দেশে রাজ্যের জনগণকে উন্নতমানের চিকিৎসা পরিষেবা প্রদানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর দায়বদ্ধতার সঙ্গে কাজ করেছে। রাজ্য সরকারও ধারাবাহিকভাবে সুপার স্পেশালিস্ট সহ চিকিৎসক নিয়োগের প্রক্রিয়া জারি রেখেছে। পাশাপাশি এমবিবিএস, পোস্ট গ্রাজুয়েট (পিজি) সহ চিকিৎসাবিদ্যা অধ্যয়নের সুযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে রাজ্য সরকারের নিরলস প্রয়াস অব্যাহত রয়েছে। স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানান।

\*\*\*\*\*